



ধর্মের নামে ট্যাবলেট বেচার রাজনীতি চলতে পারে না: সালাহউদ্দিন আহমেদ



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ অভিযোগ করেছেন, কিছু দল নীতি ও পরিকল্পনা ছাড়াই কেবল ধর্মের নামে জনগণকে আকৃষ্ট করার চেষ্টা করছে। তিনি বলেন, “আমরা এমন ব্যবসা করতে চাই না। আমাদের লক্ষ্য মানুষের কল্যাণ ও উন্নয়নের জন্য সুসংগঠিত পরিকল্পনা বাস্তবায়ন করা।”

সোমবার (৮ ডিসেম্বর) রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে আয়োজিত 'বিএনপির দেশ গড়ার পরিকল্পনা' শীর্ষক অনুষ্ঠানে তিনি আরও বলেন, যারা কোনো পরিশ্রম ছাড়া স্বর্গে পৌঁছাতে চায়, তাদের আগে জানতে হবে সঠিক পথ। রাষ্ট্র পরিচালনায় পূর্বপরিকল্পনা ছাড়া এগোলে আমরা নিজেই ব্যর্থতার মুখোমুখি হই।

সালাহউদ্দিন আহমেদ বলেন, “যে দল নীতি-আদর্শ ও বাস্তব পরিকল্পনা ছাড়া কেবল ধর্মের নামে জনগণের সঙ্গে প্রতারণা করছে, জনগণ তাদের ইতোমধ্যেই চিনে ফেলেছে।”

অনুষ্ঠানে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীও মন্তব্য করেন, “জামায়াত ধর্মকে ব্যবসায় পরিণত করে মানুষের বিশ্বাস শোষণ করছে।”

সাত দিনব্যাপী এই কর্মসূচির আজ দ্বিতীয় দিন। কর্মসূচির মাধ্যমে জনগণের মতামত সংগ্রহ করে বিএনপি তাদের নির্বাচনী ইশতেহার প্রস্তুত করবে। শেষ অনুষ্ঠান ১৩ ডিসেম্বর, যেখানে প্রধান অতিথি হিসেবে ভারুয়ালি যুক্ত হবেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।